গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
(এস এ শাখা)
www.nilphamari.gov.bd

নম্বর-০৫.৪৭.৭৩০০.০১৬.১৯.০০১.২৩- ৬২১

তারিখ ০৪ ভাদ্র ১৪৩৩
১৯ আগস্ট ২০২৬

## "বিজ্ঞপ্তি"

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার ঐতিহ্যবাহী "নীলসাগর দীঘি" তে আগামী ১৭ সেপ্টেম্বর ২০২৬ ইং রোজ বৃহস্পতিবার বিকাল ৫.০০ ঘটিকা হতে ১৮ সেপ্টেম্বর ২০২৬ রোজ শুক্রবার বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত ২৪ (চব্বিশ) ঘন্টা মৎস্য শিকারের নিমিত্ত টিকিট প্রদানের জন্য সময় নির্ধারণ করা হয়েছে। প্রতিটি টিকিটের মূল্য ১০,০০০/- (দশ হাজার) টাকা নির্ধারণ করা হয়েছে। প্রতিটি টিকিটে সর্বোচ্চ ০৪ (চার) টি হুইল ব্যবহার করা যাবে। মৎস্য শিকারের ঘাট ১০০ টি। এক্ষেত্রে "আগে আসলে আগে টিকিট ক্রয় করতে পারবেন" ভিত্তিতে টিকিট বিক্রয় করা হবে। ১৭ সেপ্টেম্বর ২০২৬ ইং রোজ বৃহস্পতিবার বিকাল ৪.০০ ঘটিকা লটারির মাধ্যমে ঘাট/আসন নির্ধারণ করা হবে। আগামী ২৩ আগস্ট ২০২৬ হতে টিকিট বিক্রয় শুরু হয়ে নির্দিষ্ট সংখ্যক অর্থাৎ ১০০ টি টিকিট বিক্রয় করা হবে। পরবর্তীতে কোন টিকিট বিক্রয় করা হবে না। মৎস্য শিকারের টিকিট ও এ সংক্রান্ত তথ্য অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী এর রাজস্ব শাখা হতে সংগ্রহ করা যাবে। এছাড়াও জরুরী প্রয়োজনে ০১৫১৮৩৮০০৩৪ নম্বরে যোগাযোগ করে বিস্তারিত জানা যাবে।

২। মৎস্য শিকারের অনুমতিপত্রে উল্লিখিত শর্তাবলী মৎস্য শিকারীগণ পালনে বাধ্য থাকবেন।

৩। কর্তৃপক্ষ মৎস্য শিকার সংক্রান্ত বিজ্ঞপ্তির যেকোন শর্ত বাতিল, পরিবর্তন ও পরিমার্জনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯।০৮।২৬

(মোঃ সাইদুল ইসলাম)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
নীলফামারী
ফোন: ০২৫৮৯৯৫৫৩০৫
e-mail: adcrnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩০০.০১৬.১৯.০০১.২৩-

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
১। উপজেলা নির্বাহী অফিসার............ (সকল), নীলফামারী।
২। সহকারী কমিশনার (ভূমি)............ (সকল), নীলফামারী।
৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।
} বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৪। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। অফিস কপি।

১৯।০৮।২৬

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
নীলফামারী।